

DESIDERATIVE VERBS (সনন্ত ধাতু)

প্রশ্ন কী কী অর্থে সনন্ত ধাতু হয়ে থাকে ?

উত্তর - ১। ‘ধাতোঃ কৰ্মণঃ সমানকর্তৃকাদিচ্ছায়াং বা (৩/১/৭)’ এই সূত্রানুসারে ‘ইচ্ছা’ অর্থে ধাতুর উত্তর বিকল্পে ‘সন্’ প্রত্যয় হয়। ‘সন্’ এর ‘স্’ থাকে এবং ধাতুটির দ্বিত্ব হয়। লক্ষ্যণীয় যে সন্ প্রত্যয় হতে গেলে সমান কর্তৃত্ব থাকা দরকার। যথা স পঠিতুম্ ইচ্ছতি = স পিপঠিষতি। কিন্তু ভিন্ন কর্তৃত্ব হলে হয় না। যেমন শিষ্যাঃ পঠন্তু ইতি ইচ্ছতি গুরুঃ। এখানে পঠ্ ধাতু ও ইষ্ ধাতুর কর্তা ভিন্ন ভিন্ন হওয়ায় সনন্ত ধাতু হয়নি।

২। অচেতন পদার্থের ইচ্ছা না থাকলেও ‘অচেতনস্য ইচ্ছায়া অসম্ভবেহপি উপচারাৎ সন্’ এই বচন অনুসারে সেখানেও ইচ্ছার আরোপ করা চলে। যথা নদীকূলং পতিতুম্ ইচ্ছতি - নদীকূলং পিপঠিষতি।

৩। আশঙ্কায়ং সন্ বক্তব্যঃ (বা) ইচ্ছার সম্ভাবনা থাকলেও ধাতুর উত্তর সন্ প্রত্যয় হয়। যথা স্বা মুমূষতি (মরণোন্মুখো ভবতি)।

৪। রুদবিদমুষগ্রহিষপিপ্রচ্ছঃ সংশ্চ (১/২/৮) সূত্রানুসারে রুদ, বিদ, মুষ, গ্রহি, স্বপ ও প্রচ্ছ ধাতুর উত্তর সন্ হয় এবং চকার দ্বারা ত্বা প্রত্যয়ের কিং সংজ্ঞা হয়। যথা রুরুদিষতি।

৫। গুপ্-তিজ্-কিন্দ্যঃ সন্ (৩/১/৫) সূত্রানুসারে ইচ্ছা না বোঝালেও ‘নিন্দা’ অর্থে গুপ্ ধাতুর, ক্ষমা অর্থে ‘তিজ্’ ধাতুর এবং ব্যাধির প্রতিকার অর্থে ‘কিং’ ধাতুর সন্ হয়। উদাহরণ যথা জুগুস্ততে, তিতিক্ষতে, চিকিৎসতি প্রভৃতি।

৬। মান্-বধ্-দান্-শানভ্যোদীর্ঘশ্চাভ্যাসস্য (৩/১/৬) সূত্রানুসারে জিজ্ঞাসা অর্থে মান্ ধাতুর, বৈরাগ্য অর্থে বা নিন্দা অর্থে ‘বধ্’ ধাতুর এবং ঋজুতা অর্থে ‘দান্’ ধাতুর উত্তর সন্ প্রত্যয় হয়। যথা -নীমাংসতে, বীভৎসতে, দীদাংসতি ইত্যাদি।

পদসাধন

আপ্+সন্+ লট্+তি= ঈক্ষতি ক্+সন্+ লট্+তি=চিকীষতি, গম্+সন্+ লট্+তি= জিগমিষতি, জি+সন্+ লট্+তি=জিগীষতি
দৃশ্+সন্+ লট্+তি= দৃশিক্ষতে, নৃত্+সন্+ লট্+তি= নিনতিষতি, পত্+সন্+ লট্+তি= পিপতিষতি, বদ্+সন্+ লট্+তি=
বিবিদিষতি, ম্+সন্+ লট্+তি= মুমূষতি, স্থা+সন্+ লট্+তি= তিষ্ঠাসতি।